22 MAY 2016

তারিখ ... 22 MAY 2016 ...
পৃষ্ঠা ... [illegible] ... কলাম ৩ ...

যুগান্তর

# অষ্টম শ্রেণী পর্যন্ত প্রাথমিক শিক্ষা ২৫ বছরেও সম্ভব নয়

**যুগান্তর রিপোর্ট**

সরকার প্রাথমিক শিক্ষা অষ্টম শ্রেণী পর্যন্ত করার ঘোষণা দিয়েছে। তবে এই ঘোষণা আগামী ২৫ বছরেও বাস্তবায়ন সম্ভব হবে না বলে মনে করে বাংলাদেশ শিক্ষক সমিতি। এছাড়া উচ্চ বিদ্যালয়ে একাদশ ও দ্বাদশ শ্রেণী চালু করা প্রসঙ্গেও সংগঠনটি একই অভিমত ব্যক্ত করে। এ ঘোষণা প্রত্যন্ত অঞ্চলে আদৌ বাস্তবায়ন সম্ভব কিনা সরকারকে সেটাও ভেবে দেখতে হবে। শনিবার সকালে ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) সাগর-রুনী মিলনায়তনে এক সংবাদ সম্মেলনে এ মতামত দেন শিক্ষক নেতারা। লিখিত বক্তব্যে বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মুহাম্মদ আবু বকর সিদ্দিক বলেন, পূর্বপ্রস্তুতি না নিয়ে প্রাথমিক বিদ্যালয়ে অষ্টম শ্রেণী চালু করা হলে শিক্ষাব্যবস্থায় ভারসাম্য নষ্ট হবে।